# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 08 May, 2025

কখনো জেলা প্রশাসক, কখনো পুলিশ সুপার সেজে সরকারি চাকরি দেওয়ার কথা বলে প্রতারণার অভিযোগে সাইদুর রহমান ওরফে বিপ্লব (৩৩) নামে একজনকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার (৮ মে) দুপুরে সংবাদ সম্মেলনে এ তথ্য নিশ্চিত করেছেন কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক।

এর আগে, বুধবার (৭ মে) বিকালে লালমনিরহাটের কালীগঞ্জ থানা পুলিশের একটি টিম তাঁকে আটক করে। আটক সাইদুর রহমান বিপ্লব উপজেলার কাকিনা ইউনিয়নের মহিষামুড়ি গ্রামের ময়েদ আলীর ছেলে।

পুলিশ জানান, সাইদুর রহমান বিপ্লব দীর্ঘদিন ধরে বিভিন্ন জায়গায় সরকারি বড় কর্মকর্তা সেজে মানুষের সঙ্গে প্রতারণা করছিলেন।তাঁর সহযোগীদের নিয়ে তিনি কখনো জেলা প্রশাসক বা পুলিশ সুপার সাজতেন।

পুলিশ আরও জানায়, মিথ্যা পরিচয় দিয়ে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে প্রতারণার মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন সাইদুর। এমন অভিযোগসহ নানা প্রতারণার মামলায় তাঁকে আটক করেছে পুলিশ।বরিশাল মেট্রোপলিটন পুলিশের সহায়তায় তাঁকে আটক করা হয়।

কালীগঞ্জ থানা (ওসি) সেলিম মালিক বলেন, সাইদুর রহমান বিপ্লব বিভিন্ন সময় সরকারি

কর্মকর্তা এমনকি ২০১৪ সালে ডিসি পরিচয়ে প্রতারণা করতে গিয়ে ধরা পড়েন, সেসময় এ সংক্রান্ত দুটি মামলায় ১ বছর বিনাশ্রম সাজা হয় তাঁর।সাইদুরের নামে ঢাকা, শরীয়তপুর, রাজশাহী,গাইবান্ধা, গাজীপুর, শেরপুর ও মানিকগঞ্জের বিভিন্ন থানায় আটটি প্রতারণা ও একটি নারী শিশু নির্যাতনের মামলা রয়েছে।তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে জানান তিনি।

প্রতারণা পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:28

URL: https://www.timestodaybd.com/rangpur/1783872152